[redacted]

[redacted]

[redacted]

[

দর্শনার মনোহরপুর ইউনিয়নের কৃষক জোটের দ্বি-মাসিক সভা অনুষ্ঠিত

কৃষি সেবায় সুশাসন প্রতিষ্ঠা ও কৃষকের ক্ষমতায়ন প্রকল্প আওতায় দি এশিয়া ফাউন্ডেশনের সহযোগিতায় এবং রিসো সংস্থার বাস্তবায়নে মনোহরপুর ইউনিয়নের কৃষক জোটের দ্বি-মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল ৪ টায় মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে কৃষক জোটের সভাপতি আকিমুল ইসলাম এর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় মধাব খালী বিলের পানি নিস্কাশন ও কৃষকরা যাতে চলতি মৌসুমে ভুট্টার সঠিক মুল্যে পায় এবং সঠিক ওজন থেকে বঞ্চিত না হয় এ বিষয় উপজেলা নিবার্হী কর্মকতার ভুমিকা রাখতে পারে সেই সম্পর্কে কৃষকদের পক্ষ থেকে অবহিত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভায় ৩০ জন কৃষক উপস্থিত ছিলেন।

এদের মধ্যে বক্তব্য রাখেন স্থানীয় ইউপি সদস্য জমির উদ্দিন, কৃষি উপ-সহকারী কর্মকর্তা মোর্শেদ বিল্লা, কৃষক জোটের সাধারণ সম্পাদক রাজেদুল ইসলাম, সহ-সভাপতি জহুরুল হক, সদস্য রওশন আলী ও বুলবুলি খাতুন। অনুষ্ঠান পরিচালনা করেন রিসো সংস্থার এফও হাসি খাতুন ও রিদয় হোসেন।

মুজিবনগরে প্রি-ভলান্টিয়ার সেমিনার অনুষ্ঠিত

মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশ-এর মেহেরপুর কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টের এর আয়োজনে, প্রি- ভলান্টিয়ার(প্রাক স্বেচ্ছাসেবক) সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

গুড নেইবারস (Good Neighbors) বাংলাদেশ একটি আন্তর্জাতিক মানবিক সাহায্য ও উন্নয়নকারী সংস্থা যা জাতিসংঘ অর্থনৈতিক কাউন্সিলের কনসালটেটিভ স্টেটাস্ যুক্ত। প্রতিষ্ঠানটি ১৯৯৬ সাল হতে বাংলাদেশের ১৩টি জেলায় দরিদ্র জনসাধারনের নানা ধরনের উন্নয়নমূলক কাজ করছে। গুড নেইবারস্ পরিচালিত “মেহেরপুর কমিউনিটি ডেভলপমেন্ট প্রোজেক্ট” ২০০৮ সাল থেকে নিবেদিত ভাবে এলাকায় শিশু অধিকার প্রতিষ্ঠায় তাদের শিক্ষা ও স্বাস্থ্য নিশ্চিতকরণ, গর্ভবর্তী মায়েদের স্বাস্থ্য সেবা, পরিবারের আয়বৃদ্ধিমূলক কাজ, নারী উন্নয়ন, যুব উন্নয়ন কার্যক্রম, জরুরী ত্রাণ সহায়তা ও পূনর্বাসন সহ বিভিন্ন ধরনের সচেতনতা মূলক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে মুজিবনগর উপজেলায় সফলতার সাথে কাজ করে যাচ্ছে।গুডনেইবারস এর এ সমস্ত সামাজিক কর্মকাণ্ডে সহযোগিতা করে এক ঝাক তরুন ভলেন্টিয়ার। তাদের কর্মকান্ড এবং সমাজ উন্নয়নে ভলেন্টিয়ারদের অবদান নিয়ে অনুষ্ঠিত হয়েছে প্রি-ভলান্টিয়ার সেমিনার।

আজ বৃহস্পতিবার সকালে মুজিবনগরে গুডনেইবারস মেহেরপুর কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টের আয়োজনে, প্রজেক্টের হল রুমে গুডনেইবারস প্রি-ভলান্টিয়ার সেমিনারে মেহেরপুর সিডিপি এর প্রজেক্ট ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দীন।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, সিডিপি এর সহসভাপতি ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নং ওয়ার্ড সদস্য এবং পেনেল চেয়ারম্যান- বাবুল মল্লিক, মেহেরপুর সিডিপির সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ, সিডিপি সদস্য ও সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান।

প্রি-ভলান্টিয়ার সেমিনারে অতিথি বৃন্দ “কে স্বেচ্ছাসেবক এবং স্বেচ্ছাসেবকতা কি? শিশু অধিকার কি? বাল্য বিবাহ ও শিশুশ্রম কি? বাল্যবিবাহ ও শিশুশ্রম কিভাবে প্রতিরোধ করা যায়? PSEA/সেফগার্ডিং এবং প্রি-ম্যাচিউর ডেথের উপর বিস্তারিত আলোচনা করেন।

প্রি-ভলান্টিয়ার সেমিনারে ২৪ জন অংশগ্রহন করে।

মেহেরপুরে বিকেবি’র শাখা ব্যবস্থাপক ও মাঠকর্মী সম্মেলন অনুষ্ঠিত

মেহেরপুরে বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) র শাখা ব্যবস্থাপক ও মাঠকর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১০ টার সময় মেহেরপুর কৃষি ব্যাংক কার্যালয়ে অনুষ্ঠিত শাখা ব্যবস্থাপক ও মাঠকর্মী সম্মেলন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ কৃষি ব্যাংক মহা ব্যবস্থাপক বিভাগীয় কার্যালয় (কুষ্টিয়া) সঞ্জয় কুমার দত্ত।

মেহেরপুর কৃষি ব্যাংক আঞ্চলিক ব্যবস্থুাপক মো: শহিদুল ইসলামের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা (কুষ্টিয়া) রামকৃষ্ণ দেবনাথ, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা (কুষ্টিয়া) রফিকুল ইসলাম। এসময় জেলার বিভিন্ন উপজেলার কৃষি ব্যাংক এর শাখা ব্যবস্থাপক, মাঠকর্মীগণ উপস্থিত ছিলেন।

সম্মেলনের আয়োজন করেন বাংলাদেশ কৃষি ব্যাংক মেহেরপুর আঞ্চলিক অফিস।

দামুড়হুদা উপজেলা পরিষদের আয়োজনে বার্ষিক বনভোজন অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা পরিষদের আয়োজনে বার্ষিক বনভোজন অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার দুপুরে উপজেলা প্রাঙ্গনে বার্ষিক বনভোজন অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা পরিষদের সকল কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে বার্ষিক বনভোজন- ২০২৪ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা

উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন, দামুড়হুদা উপজেলা মডেল মসজিদের পেশ ইমাম মুফতি মামুনুর রশিদ সহ উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পিঠা প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুরে লবী রহমান’স কুকিং ফাউন্ডেশনের উদ্যাগে পিঠা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (১ মার্চ) সকাল ১১টার সময় জেলা শিল্পকলা একাডেমিকতে এই পিঠা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

পিঠা প্রতিযোগিতার আয়োজকরা সংক্ষিপ্ত আলোচনা সভা করেন। আলোচনা সভায় বক্তব্য রাখেন,লবী রহমান’স কুকিং ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক রোমানা রহমান।

তিনি বলেন, দেশব্যাপী গ্রামীণ সংস্কৃতি ও ঐতিহ্য ধরে রাখার জন্য আমাদের এই আয়োজন। আমরা পুরো দেশে এ ধরনের আয়োজন করছি। যাতে করে গ্রামীণ পিঠা-পুলির প্রচলন থাকে,পাশাপাশি নারীরা এর মাধ্যমে স্বাবলম্বী হতে পারে।

লবী রহমান’স কুকিং ফাউন্ডেশনের মেহেরপুর শাখার অর্থ বিষয়ক সম্পাদক নাসরিন নাজনীনের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য দেন, ফাউন্ডেশনের অর্থ বিষয়ক সম্পাদক পলিন ডি রোজারিও, কেন্দ্রীয় মহিলা আওয়ামী লীগের সদস্য ও মেহেরপুর জেলা পরিষদের প্যানেল

চেয়ারম্যান শামীম আরা হিরা, মেহেরপুর জেলা শাখার সভাপতি নয়না আফরোজ প্রমুখ।

এছাড়াও এসময় লবী রহমান’স কুকিং ফাউন্ডেশনের মেহেরপুর শাখার সাধারণ সম্পাদক হাবিবা পারভিন রনি, যুগ্ম সম্পাদক শিউলি আক্তার উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতায় ১৮ টি পিঠার স্টল অংশ গ্রহণ করে। এর মধ্যে প্রথম স্থান অধিকার করেছে মাহফুজা খাতুন, দ্বিতীয় হয়েছেন সুমি বিশ্বাস ও তৃতীয় হয়েছে আশরাফিয়া আশরাফ আশা।

অনুষ্ঠান শেষে বিজয়দের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়। এছাড়াও বিজয়ীরা লবী রহমান’স কুকিং ফাউন্ডেশনের আয়োজনে ঢাকায় পুরো দেশব্যাপী প্রতিযোগিতায় অংশ গ্রহন করার সুযোগ পাবে।

আলমডাঙ্গা প্রেসক্লাবের দিনব্যাপী বার্ষিক বনভোজন অনুষ্ঠিত

আলমডাঙ্গা প্রেসক্লাবের উদ্যোগে বর্নাঢ্য আয়োজনের মধ্যদিয়ে বার্ষিক বনভোজন অনুষ্টিত হয়েছে। গতকাল বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে ঝিনাইদহ জেলার জোহান ড্রিম ভ্যালী পার্কে বনভোজনের আয়োজন করা হয়েছিল।

এসময় প্রেসক্লাবের ৩০ জন সদস্য বনভোজনে অংশ নেয়। এখানে অনুষ্ঠানমালা মধ্যে ছিল সুধিজনদের সাথে নিয়ে সাংবাদিকদের পার্কে শোভা যাত্রা, আলোচনা সভা, মধ্যাহ্নভোজ ও সাংস্কৃতিক অনুষ্ঠানসহ র্যাফেল ড্র অনুষ্ঠিত হয়। এই দিন সকল সাংবাদিকেরা আনন্দের অন্যতম দিনে পরিণত হয়। লটারির মাধ্যমে ১০ জন বিজয়ীকে তাদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

এছাড়াও সাংস্কৃতিক অনুষ্টান, কবিতা আবৃতি, কৌতুক অভিনয়, একক অভিনয় চলতে থাকে। এখানে সকল সদস্য, গাড়ির ড্রাইভার, রাধুনি সকলকে

পুরষ্কার প্রদান করা হয়। র্যাফেল ড্রতে যারা পুরস্কার পায়, প্রথম পুরস্কৃত হয় দৈনিক পশ্চিমাঞ্চলের সহকারি ব্যুরো প্রধান রানা আফিদ্রি, দ্বিতীয় মাইক্রো ড্রাইভার, তৃতীয় হয়েছে প্রেসক্লাবের সদস্য লাল্টু রহমান, চতুর্থ মাইক্রো ড্রাইভার, পঞ্চম সাংবাদিক আতিক বিশ্বাস, ষষ্ট শামিম রেজা, সপ্তম আবুল কাশেম টুকু, অস্টম রুনু খন্দকার, নবম পুরস্কার সময়ের সমীকরনের ব্যুরো প্রধান হামিদুল ইসলাম, দশম পুরস্কার পান সময়ের সমীকরন পত্রিকার প্রতিনিধি ও সরকারি কলেজের সহকারী অধ্যাপক শেখ শফিউর রহমান।

প্রধান অতিথি হিসেবে পুরস্কার তুলে দেন আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু।

সার্বিক অনুষ্টান পরিচালনা করেন প্রেসক্লাবের ১নং নির্বাহী সদস্য ও সিনিয়র সাংবাদিক পশ্চিমাঞ্চলের ব্যুরো প্রধান প্রশান্ত বিশ্বাস, দৈনিক সমকালের আলমডাঙ্গা প্রতিনিধি ও প্রেসক্লাবের দপ্তর সম্পাদক তানভীর সোহেল, সাংস্কৃতিক সম্পাদক আতিক বিশ্বাস, সমাজ কল্যান সম্পাদক গোলাম সরোয়ার সদু, সহ-সাংগাঠনিক সম্পাদক বসিরুল আলম, আইসিটি সম্পাদক মীর ফাহিম ফয়সাল, নির্বাহী সদস্য জাফর জুয়েল প্রমুখ।

মেহেরপুরে তারুণ্যের মেলা অনুষ্ঠিত

মেহেরপুরে তরুণদের কর্মসংস্থান বৃদ্ধি ও সরকারি সুযোগ আরও সহজে পাওয়ার লক্ষ্যে,“আমিও জিততে চাই” এই আলোকে তারুণ্যের মেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২৭ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ১০ টার দিকে জেলা শিল্পকলা একাডেমীতে তারুণ্যের মেলার উদ্বোধন করেন পাবলিক প্রসিকিউটর ও জেলা আওয়ামী লীগের আইন বিষয়ক সম্পাদক এ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য।

এসময় উপস্থিত ছিলেন জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সাধারণ সম্পাদক

এএস এম সাইদুল রাজ্জাক, বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক সাইদুর রাজ্জাক, জেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক আকবর জালাল, জেলা মহিলা দলের সাইয়্যেদেতুন্নসা নয়ন, জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি আলমগীর হোসেন, জেলা ছাত্রলীগের দপ্তর সম্পাদক মোঃ. ইব্রাহিমসহ মাল্টিপার্টি এ্যাডভোকেসি ফোরামের সদস্যরা। তারুণ্যের মেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও যুব সংগঠনের শতাধিক তরুন অংশগ্রহণ করে।এসময় নাগরিক ইস্যু নিয়ে বিতর্ক, কুইজ ও ভিডিও বার্তা তৈরির প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

অংশগ্রহণকারী তরুণরা বলেন, একদিকে চাকুরীর সুযোগ যেমন কম অপরদিকে উদ্যোক্তা হতেও রয়েছে জটিল সব প্রতিবন্ধকতা ।তরুণদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা ও সহজ ঋণ সুবিধার দাবি জানান তারা।

রুবাইয়াত হাসান আঞ্চলিক ব্যবস্থাপক ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল রেজিওনাল কো-অরডিনেটর মো: ইয়াসিন আরাফাত ও সিলমী সাদিয়া ইলেকটোরাল প্রোগ্রাম এসিসট্যানট সহ সকলে উপস্থিত ছিলেন।

গাংনীতে দি হাঙ্গার প্রজেক্টের উদ্যোগে অভিজ্ঞতা ও শেয়ারিং সভা অনুষ্ঠিত

গাংনীতে দি হাঙ্গার প্রজেক্টের বিভিন্ন প্রকল্প ও কাজ সরেজমিনে দেখার জন্য পরিদর্শন ও অভিজ্ঞতা শেয়ারিং সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সকাল ১১ টার সময় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা স্বেচ্ছাসেবক ফোরামের সাধারণ সম্পাদক এ এস এম আবু সায়েম পল্টুর সভাপতিত্বে উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্টের গ্লোবাল প্রেসিডেন্ট টীম প্রিউইট, দি হাঙ্গার প্রজেক্টের কান্ট্রি ডিরেক্টর ড. বদিউল আলম মজুমদার, গ্লোবাল ফিনান্স এন্ড এডমিন জেথ্রো ক্লিবেউকার, ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর ড. নাজমুন

নাহার, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহাা, গাংনী থানা অফিসার ইনচার্জ তাজুল ইসলাম, দি হাঙ্গার প্রজেক্টের যশোর রিজিওনের আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম হোসাইন, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, বামুন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, নাগরিক কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক সুজনের সাবেক জেলা সম্পাদক সৈয়দ জাকির হোসেন, নাগরিক কমিটির সাধারণ সম্পাদক ও পিএসজি গাংনীর কোর্ডিনেটর সাংবাদিক রফিকুল আলম বকুলসহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও দি হাঙ্গার প্রজেক্টের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

দি হাঙ্গার প্রজেক্টের সহযোগিতায় মাঠ পর্যায়ের কর্মীরা তাদের বিভিন্ন সফলতা ও সামাজিক ভাল কাজের কথা তুলে ধরেন। স্বাস্থ্য, শিক্ষা স্যানিটেশন, বাল্য বিবাহ মুক্ত করা গর্ভবতী নারীর পুষ্টি ও স্বাস্থ্য সেবা, করোনাকালীন বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন গাংনীকে উন্নত গাংনী গড়ে তোলার জন্য ও সরকারের বিভিন্ন নীতি বাস্তবায়নে বেসরকারি অংশীদার হিসেবে দি হাঙ্গার প্রজেক্ট কাজ করে থাকে। দি হাঙ্গার প্রজেক্টের কর্মীরা নিজেরা কিভাবে স্বাবলম্বী হয়েছে ও মানুষকে স্বাবলম্বী করে গড়ে তুলেছে তা তুলে ধরা হয় শেয়ারিং সভায়। বিদেশি ডেলিগেটূদের পেয়ে কর্মীরা ছিল উচ্ছ্বসিত ও প্রানবন্ত। দি হাঙ্গার প্রজেক্টের গ্লোবাল প্রেসিডেন্ট টীম প্রিউইট দি হাঙ্গার প্রজেক্টের কর্মীদের সফলতার গল্প শুনে অভিভূত হয়েছেন। তিনি বিশ্বে তাদের সফলতার গল্প ছড়িয়ে দেয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

চুয়াডাঙ্গায় বিপি দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় যথাযথ মর্যাদার সাথে স্কাউট এর প্রতিষ্ঠাতা ব্যাডেন পাওয়েল এর ১৬৭তম জন্মদিন পালন করা হয়েছে। দিবসটি উপলক্ষে কেক কাটা, র্যালি ও র্যালি পরবর্তী আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

হাসান, চুয়াডাঙ্গা জেলা রোভারের যুগ্ম সম্পাদক আবু নাসির, চুয়াডাঙ্গা জেলা স্কাউটস এর সম্পাদক তানভীর আহমেদ সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন প্রতিষ্ঠানের রোভার ইউনিট লিডার ও জেলা স্কাউট এর বিভিন্ন প্রতিষ্ঠানের ইউনিট লিডার সহ চুয়াডাঙ্গা জেলার সকল প্রতিষ্ঠান রোভারবৃন্দ উপস্থিত ছিলেন।